

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬:১০৫

💵 আরবি মূল আয়াত:

كَذَّبَت قُومُ نُوحِ المُرسَلِينَ ﴿١٠٥﴾

নূহ-এর কওম রাসূলদেরকে অস্বীকার করেছিল। — আল-বায়ান নূহের কওম রসুলগণকে মিথ্যে ব'লে প্রত্যাখান করেছিল। — তাইসিরুল

নূহের সম্প্রদায় রাসূলদের প্রতি মিথ্যা আরোপ করেছিল। — মুজিবুর রহমান

The people of Noah denied the messengers — Sahih International

১০৫. নূহের সম্প্রদায় রাসূলগণের প্রতি মিথ্যা আরোপ করেছিল।

তাফসীরে জাকারিয়া

(১০৫) নূহের সম্প্রদায় রসূলগণকে মিথ্যা মনে করেছিল। [1]

[1] নূহ (আঃ)-এর জাতি যদিও শুধুমাত্র নূহ (আঃ)-কেই মিথ্যাবাদী মনে করেছিল, কিন্তু একজন নবীকে মিথ্যা ভাবা সকল নবীকে মিথ্যা ভাবার সমান। সেই জন্যই বলা হয়েছে নূহের সম্প্রদায় রসূলগণকে মিথ্যা মনে করেছিল।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3037

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন